

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা
(সাধারণ শাখা)
(www.dhaka.gov.bd)

শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার আলোকে “সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা”র মে
২০২৩ মাসের কার্যবিবরণী


সভাপতি : মোহাম্মদ মমিনুর রহমান
জেলা প্রশাসক, ঢাকা
সভার তারিখ : ২২ মে ২০২৩ খ্রি:
সভার সময় : সকাল ১১:৩০ টা
স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে শূভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ঢাকা সভাকে অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত এ কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ প্রণয়ন করা হয়েছে তারই অংশ হিসেবে আজকের এই সভা আয়োজন করা হয়েছে। মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা কর্মচারীদের আন্তরিক প্রচেষ্টায় শুদ্ধাচার কর্মকৌশল শতভাগ বাস্তবায়ন করা সম্ভব হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

সভায় বিভিন্ন কর্মসম্পাদন সূচক নিয়ে আলোচনা করা হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---------|--|--|
| ১. | দক্ষতা ও নৈতিকতা উন্নয়নে প্রতি কোয়ার্টারে ১টি অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন ও সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ঢাকা |
| ২. | দক্ষতা ও নৈতিকতা উন্নয়নের লক্ষ্যে আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ঢাকা |
| ৩. | দুর্নীতি প্রতিরোধে জনসচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়ন, নৈতিকতা ও মূল্যবোধ বৃদ্ধির জন্য কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে কর্মশালার আয়োজন করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ঢাকা উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা সংশ্লিষ্ট সকল |

অতপর: সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


মোহাম্মদ মমিনুর রহমান
জেলা প্রশাসক

ও

সভাপতি


জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ
কাঠামো প্রণয়ন ও বাস্তবায়ন কমিটি, ঢাকা

স্মারক নং- ০৫.৪১.২৬০০.০০৯.৫২.০০৮.২২- ২২৩/২

তারিখ: ০৬ জ্যৈষ্ঠ ১৪৩০
২২ মে ২০২৩

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
- ০২। অতিরিক্ত জেলা প্রশাসক (সকল), ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা।
- ০৪। রেভিনিউ ডেপুটি কালেক্টর, জেলা, ঢাকা।
- ০৫। নেজারত ডেপুটি কালেক্টর, ঢাকা।
- ০৬। সহকারী কমিশনার, সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
- ০৭। ভূমি অধিগ্রহণ কর্মকর্তা (সাধারণ), জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
- ০৮। অফিস কপি।


মোহাম্মদ মমিনুর রহমান
জেলা প্রশাসক

ও

সভাপতি

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ
কাঠামো প্রণয়ন ও বাস্তবায়ন কমিটি, ঢাকা